দৈনিক ইনকিলাব

তারিখ ... 7 JUN 2013 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

জাবি ছাত্রলীগ সম্পাদককে সিন্ডিকেটে বহিষ্কারের নাটক শিক্ষকদের অবস্থান ধর্মঘট

জাবি সংবাদদাতা: অর্থনীতি বিভাগের শিক্ষক নুরুল হককে লাঞ্ছিতের ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় ছাত্রলীগের সাধারণ সম্পাদককে পরবর্তীতে কোন শিক্ষকের সাথে অনুরূপ লাঞ্ছিতের ঘটনা ঘটালে তিন মাসের অস্থায়ী বহিষ্কার কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া লাঞ্ছিত ঐ শিক্ষক রাজীবকে আন্তরিকভাবে ও কোন শর্ত ছাড়া ক্ষমা করতে বাধ্য থাকবে বলে সিন্ডিকেটে এ বিধান গৃহীত হয়। গতকাল শিক্ষকরা ডিসির কার্যালয়ে গিয়ে শিক্ষক লাঞ্ছনার এ শাস্তি (নাটকীয় এ সতর্কবার্তা) ঘৃণা ভরে প্রত্যাখান করে এবং তৎক্ষণাৎ তার কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন। অপরদিকে শিক্ষকদের প্রতি কটুক্তি করেছে এমন অভিযোগ এনে জাবির সিন্ডিকেট সদস্য আনোয়ার হোসেনকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।

জানা যায়, ৬ এপ্রিল ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজীব আহমেদ রাসেল কর্তৃক অর্থনীতি বিভাগের শিক্ষক নুরুল হক লাঞ্ছিত হয়েছেন এমন অভিযোগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ক্ষোভে ফেটে পড়েন এবং রাজীবের উপর্যুক্ত শাস্তি দাবী করেন। বিশ্ববিদ্যালয়ের গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন দাখিলের পর বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিন বোর্ডের সভার সুপারিশ থেকে সিন্ডিকেট সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। লাঞ্ছিতের স্বীকার শিক্ষক নুরুল হক রাজীব আহমেদ রাসেলকে আন্তরিক ও শর্তহীনভাবে ক্ষমা প্রদান করবে। অভিযুক্ত মোঃ রাজীব আহমেদ রাসেল ভবিষ্যতে শিক্ষকদের সাথে এরূপ কোন প্রকার অসদাচরণ করলে তার বিরুদ্ধে ৩ মাসের স্থগিত বহিষ্কারাদেশ কার্যকর হবে। রাজিবকে শিক্ষক সমিতির সভাপতি বরাবর লিখিত পত্রের মাধ্যমে ক্ষমা প্রার্থনা এবং শিক্ষকদের সাথে ভবিষ্যতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটাবেনা এ মর্মে মুচলেকা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ এবং ৬ এপ্রিলে প্রান্তিক গেটে ইসলামী ব্যাংকে কর্মরত বিশ্ববিদ্যালয়ের ২ জন সাবেক ছাত্র আহসান হাবীব ও খায়রুল কবীর খান প্রিন্সার কেন উপস্থিত ছিল তা অনুসন্ধান সাপেক্ষে ব্যবস্থা করার জন্য সরকারের গোয়েন্দা সংস্থাকে অনুরোধ করার সিদ্ধান্ত সিন্ডিকেটে গৃহীত হয়।

সিন্ডিকেট সভায় গৃহীত এ সিদ্ধান্ত ঘৃণাভরে প্রত্যাখান করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল ডিসির কার্যালয়ে দেখা করে শিক্ষকরা তাদের এ সিদ্ধান্তের কথা জানান। এবং তৎক্ষণাৎ এর প্রতিক্রিয়ায় তারা ডিসির কার্যালয়ের সামনে বেলা ১২ থেকে ১.৩০ পর্যন্ত অবস্থান ধর্মঘট পালন করেন।